


ঢাবির উপ-উপাচার্য পদ থেকে সরানো হল সামাদকে

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ০৩ সেপ্টেম্বর ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপ-উপাচার্য পদ হতে অধ্যাপক ড. মুহাম্মদ সামাদকে অব্যাহতি দেয়া হয়েছে।

সোমবার (২ সেপ্টেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব মো. শাহীনুর ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়।

এতে বলা হয়, মুহাম্মদ সামাদকে উপ-উপাচার্য পদ থেকে অব্যাহতি দিয়ে মূল পদে যোগদানের অনুমিত দেওয়া হল।

সাহিত্যাঙ্গনে কবি হিসেবে পরিচিত অধ্যাপক সামাদ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম ও গবেষণা ইনসিটিউটের শিক্ষক। তিনি বিশ্ববিদ্যালয়ে

আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের সংগঠন নাল দলের আহ্বায়কের দায়িত্বে পালন করছেন।

এদিকে নতুন উপ-উপাচার্য(প্রশাসন) হিসেবে নিয়োগ পেয়েছেন অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সায়েমা হক বিদিশা। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন। অর্থনীতি বিষয়ে যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব বাথ থেকে স্নাতকোত্তর ডিগ্রি ও ইউনিভার্সিটি অব নটিংহ্যাম থেকে পিএইচডি ডিগ্রি নেন।